দৈনিক ইত্তেফাক

তারিখ ... 31 MAR 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4 ...

36

## বিশ্ববিদ্যালয়কে অনাবাসিক করা হউক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে ভাবে খুনাখুনি হইতেছে তাহাতে বিশ্ববিদ্যালয় খোলার সম্ভাবনা নাই। খুলিলেও আবার বন্ধ হওয়ার সমূহ আশঙ্কা বর্তমান। কারণ খুনের বীজ একবার যখন ঢুকিয়াছে তখন তাহার ক্রিয়া-প্রতিক্রিয়া চলিতে থাকিবে নিঃসন্দেহে। এভাবে দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ দিনের পর দিন, মাসের পর মাস বন্ধ থাকিলে জাতির ভবিষ্যৎ কি দাঁড়াইবে? আমাদের মতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলি বন্ধ করিয়া অনাবাসিকভাবে বিশ্ববিদ্যালয় চালু করিলে খুনাখুনির সম্ভাবনা কম থাকিবে। যেমন জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ১৭,০০০ (সতের হাজার) ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। কিন্তু সেখানে তেমন কোন বড় হল নাই। সুতরাং খুনাখুনিও নাই। যাহারা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে তাহাদের প্রায় সবারই ঢাকা শহরে থাকার কোন না কোন ব্যবস্থা আছে। তাই জাতির বৃহত্তর স্বার্থে পরীক্ষামূলকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়কে অনাবাসিক বিশ্ববিদ্যালয় হিসাবে চালু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মিসেস হোসনেয়ারা মজিব,
ফকিরাপুল, ঢাকা।